## পাচারে শিকার হওয়া ব্যক্তিদের জন্য উপলব্ধ পরিষেবাসমূহ

DOL কমিউনিটি সংগঠনগুলিকে বিভিন্ন ধরনের পরিষেবা বা রেফারেল প্রদানের দ্বারা অভিবাসন স্থিতি নির্বিশেষে পাচারের শিকার হওয়া ব্যক্তিদের সাহায্য করতে পারে।

উপলব্ধ পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

- আপৎকালীন সাময়িক আবাসন
- খাবার ও অন্যান্য মৌলিক চাহিদাগুলি
- অপরিশোধিত মজুরি উদ্ধার করা
- কাজ করার দক্ষতার প্রশিক্ষণ ও কর্মনিযুক্তি
- অভিবাসন ও আইনি সহায়তা
- মার্কিন যুক্তরাষ্ট্রে স্থায়ী বাসস্থান প্রতিষ্ঠায় সাহায্য
- মানসিক ও শারীরিক স্বাস্থ্য পরিষেবা
- কাউন্সেলিং
- যুক্তরাষ্ট্রীয় ও স্টেটের সরকারি সুবিধা পাওয়ায় সাহায্য
- অনুবাদ ও দোভাষী
- পাচারকারীর বিরুদ্ধে ফৌজদারি এবং/অথবা দেওয়ানী পদক্ষেপ



মানব পাচারের সন্দেহজনক ঘটনার রিপোর্ট করতে, যোগাযোগ করুন:

**নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ**
**সম্মতি ও শিক্ষা বিভাগ (পূর্বে অভিবাসী নীতিমালা ও বিষয়ক শাখা নামে পরিচিত)**

ফোন: **877-466-9757**
ইমেল: **trafficking@labor.ny.gov**
ওয়েবসাইট: **www.labor.ny.gov/immigrants**

**জাতীয় মানব পাচার সংস্থান কেন্দ্র**

ফোন: **888-373-7888**

**অতিরিক্ত রিসোর্স:**
**পোলারিস প্রোজেক্ট (Polaris Project)**:
**www.polarisproject.org**

**আপৎকালীন পরিস্থিতিতে, সঙ্গে সঙ্গে 911 নম্বরে *ফোন করুন।***

**WE ARE YOUR DOL**

NEW YORK STATE | Department of Labor

@nyslabor | www.labor.ny.gov
**1-888-469-7365**

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম। অক্ষম ব্যক্তিদের অনুরোধের সাপেক্ষে এবং বিনামূল্যে সাহায্যকারীর থেকে সহায়তা এবং পরিষেবা পেতে TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886 -তে যোগাযোগ করুণ।

P744 BN (02/24)







# বলপূর্বক কাজ করানো এক ধরনের অপরাধ

## মানব পাচারেরশিকার হওয়া ব্যক্তিদের জন্য সাহায্য

**WE ARE YOUR DOL**

NEW YORK STATE | Department of Labor

## বলপূর্বক কাজ করানো কাকে বলে?

বলপূর্বক কাজ করানো, যাকে "মানব পাচার"ও বলা হয়, এক ধরনের গুরুতর অপরাধ। পাচার হওয়া ব্যক্তিরা হয়তো বুঝতে পারে না যে তাদের সাথে যা ঘটছে তা অবৈধ এবং এই বিষয়ে সাহায্য উপলব্ধ। **যখন কোনও ব্যক্তি বলপ্রয়োগ করে, জালিয়াতি করে বা দমন করে অন্য কোনও ব্যক্তিকে তাদের ইচ্ছার বিরুদ্ধে কাজ করায় তখন শ্রম পাচার ঘটে।**

**বলপ্রয়োগ:** কোনও কর্মী বা তাদের পরিবারের বিরুদ্ধে শারীরিক হিংসা বা প্রকৃত শারীরিক হিংসার হুমকি।

**জালিয়াতি:** কোনও মিথ্যা প্রতিশ্রুতি দেওয়া যা পূরণ করার কোনও অভিপ্রায় পাচারকারীর নেই, যেমন গ্রীন কার্ড বা টাকা দেওয়ার প্রতিশ্রুতি।

**দমন:** কাউকে কাজ করতে বাধ্য করার জন্য হুমকি দেওয়া, যেমন অভিবাসন বা পুলিশকে ফোন করার হুমকি এবং কোনও অপরাধের মিথ্যা অভিযোগ করা, অথবা কোনও ব্যক্তিকে মিথ্যা বলা যে তার ঋণ শোধ করতে কাজ করা আবশ্যক।

পাচারকারীরা শিকার হওয়া ব্যক্তিদের নিয়ন্ত্রণ করতে **ভয়, ভীতিপ্রদর্শন, নির্যাতন ও মনস্তাত্ত্বিক কৌশলে** একসাথে মিলিয়ে প্রয়োগ করে, যেমন:

**মানসিক নির্যাতন:** কোনও কর্মীকে অন্যদের সামনে অপদস্থ করা, গালাগালি দেওয়া, শিকার হওয়া ব্যক্তির মধ্যে অপরাধবোধ তৈরি করা এবং পরিস্থিতির সৃষ্টির জন্য তাদেরকে দোষ দেওয়া। পাচারকারীরা উৎকর্ষ বোঝাতে লিঙ্গ, বয়স বা জাতীয়তার ভিত্তিতে নিজেদের বিশেষ সুবিধার কথাও জাহির করতে পারে। বিপরীতক্রমে, পাচারকারীরা কর্মীদের প্রশংসাও করতে পারে, তাদেরকে বলতে পারে যে সে তাদের উপর নির্ভর করে অথবা কর্মীদের বলতে পারে যে শুধু সেই তাদের কথা ভাবে বা তাদেরকে কাজ দেবে এবং তাদের উচিত পাচারকারীর কাছে কৃতজ্ঞ থাকা।

**বিচ্ছিন্নতা ও নিয়ন্ত্রণ:** পাচারকারীরা কর্মীদেরকে বলতে পারে যে তারা যেন অন্য কারোর সঙ্গে কথা না বলে, কর্মীদের উপর ফোন বা ক্যামেরার দ্বারা ক্রমাগত নজর রাখতে পারে অথবা ভীতিপ্রদর্শন করতে অস্ত্র দেখাতে ও আইন বলবৎকারী সংস্থায় প্রবেশযোগ্যতা জাহির করতে পারে। পাচারকারীরা বিক্ষিপ্তভাবে, খুব সামান্য অর্থপ্রদান করে বা তা একেবারেই না করে নির্ভরতা সৃষ্টি করার জন্য কর্মীদের হাতে অর্থ পাওয়াকেও সীমাবদ্ধ করতে পারে।

## পাচারের সম্ভাবনা সনাক্ত করা

অনেক শিল্পেই মানব পাচার ঘটতে পারে, যার মধ্যে পড়ে:

- কারখানাগুলি, যেমন পোশাকের কারখানা
- খামার বা ল্যান্ডস্কেপিং
- নির্মাণ
- ব্যক্তিগত বাড়ি (যেমন, আয়া ও গৃহকর্মী)
- রেস্তোরাঁ, বার, হোটেল বা অন্যান্য পরিষেবা শিল্প
- স্ট্রিপ ক্লাব, সড়কে যৌনবৃত্তি, নকল মাসাজ পার্লার, সহচর পরিষেবা, বেশ্যালয়, ইত্যাদি।

কোনও ব্যক্তি মানব পাচারের শিকার হতে পারেন যদি তিনি:

- স্বাধীনভাবে আসতে-যেতে না পারেন
- নিজেদের পরিচিতির নথিপত্র বা অর্থ নিয়ন্ত্রণে রাখতে পারেন না
- অর্থ না পান বা খুব সামান্য পরিমাণে পান
- সাধারণতঃ দীর্ঘ সময় ধরে কাজ করতে থাকেন
- বড়সড় বা ক্রমবর্ধমান ঋণ নিয়ে থাকেন
- অস্বাভাবিকরকম বেশি নিরাপত্তাযুক্ত বা অনেক ক্যামেরা লাগানো স্থানে বসবাস বা কাজ করেন
- অস্বাভাবিকরকম উদ্বিগ্ন, ভীত, নতমস্তক, অবসাদগ্রস্ত, স্নায়ুচাপে পীড়িত বা ভয়াতুর থাকেন
- ব্যাখ্যা পাওয়া যায় না এমন আঘাত অথবা প্রলম্বিত বা চিকিৎসা না হওয়া অসুস্থতা বা রোগের লক্ষণ সহ থাকেন
- শারীরিক বা যৌন নির্যাতন, শারীরিক নিয়ন্ত্রণ, বন্দী থাকা বা অত্যাচারের লক্ষণ প্রদর্শিত করেন

## মানব পাচারের শিকার হওয়া ব্যক্তিদের সহায়তায় নিউ ইয়র্ক স্টেট এর শ্রম বিভাগের ভূমিকা

শ্রম বিভাগের নিউ ইয়র্ক শ্রম আইন(New York Labor Law) লঙ্ঘনের অভিযোগ গ্রহণের ও তদন্ত পরিচালনার কর্তৃত্ব রয়েছে, যেমন ন্যূনতম মজুরি, প্রদান না করা মজুরি ও বেআইনি কেটে নেওয়া। শ্রম বিভাগের তদন্তকারীদের ব্যবসায় প্রবেশের ও পরিদর্শনের, কর্মীদের সাক্ষাৎকার নেওয়ার এবং বেতন-তালিকা পর্যালোচনার কর্তৃত্ব রয়েছে। শ্রম বিভাগের কর্মীদের সম্ভাব্য পাচার সনাক্ত করার প্রশিক্ষণ দেওয়া হয়। অভিবাসন নীতিমালা ও তদবিষয়ক শাখা শ্রম বিভাগের মানব পাচার প্রতিরোধী প্রয়াসকে সমন্বিত করে, যার মধ্যে পড়ে:

- NY মানব পাচারে সাড়া দেওয়া (Response to Human Trafficking) কার্যক্রমে রেফারেল প্রদান
- বিশেষ কিছু যোগ্যতামান পূরণ করা সেই গুরুতর অপরাধের শিকার হওয়া যোগ্য ব্যক্তিদের U বা T ভিসার শংসায়ন প্রদান, যার মধ্যে পড়ে মানব পাচার
- কমিউনিটি ও ব্যবসাগুলির কাছে প্রচার উপস্থাপনার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করা

আপনি যদি আমাদের কোনও পরিষেবায় আগ্রহী হন তবে অনুগ্রহ করে সম্মতি ও শিক্ষা বিভাগের (পূর্বে অভিবাসী নীতিমালা ও বিষয়ক শাখা নামে পরিচিত) **877-466-9757** নম্বরে কল করুন বা **trafficing@labor.ny.gov এ ইমেল করুন**।

